



# THE DAILY CAMPUS

The Daily Campus, 04-08-2023, Online

## সোশ্যাল মিডিয়ায় প্রচুর গুজব ছড়ানো হয়: তথ্যমন্ত্রী



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সম্মেলনে তথ্যমন্ত্রী © টিডিসি ছবি

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগ তিন দিনব্যাপী ‘ইনফরমেশন এন্ড নলেজ ম্যানেজম্যান্ট’ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছে। সম্মেলনে বাংলাদেশসহ ১১টি দেশের প্রায় ৩০০ জন অংশগ্রহণ করেন।

আজ শুক্রবার সম্মেলনের প্রধান অধিবেশনটি বিশ্ববিদ্যালয়ের মঞ্চের এলাহী অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ।

ড. হাছান মাহমুদ তার বক্তব্যে বলেন, দেশে অবাধ ও স্বাধীন তথ্য প্রবাহে সরকার কোন ধরনের বাধার সৃষ্টি করে না। কিন্তু গণমাধ্যম কতটা দায়িত্বশীল আচরণ করে তা প্রশ্ন সাপেক্ষ। একইসাথে তিনি সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্ক থাকার আহ্বান জানান।

তার মতে, এসব মাধ্যমে প্রচুর গুজব ও ভুয়া খবর ছড়ানো হয়। তাই, কোনটা সত্য সেটা বের করার জন্য জনসাধারনের ‘মিডিয়া ও ইনফরমেশন লিটারেসি’ দরকার বলে তিনি উল্লেখ করেন।

অধিবেশনে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম. জিয়াউলহক মামুন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অশ্ট্রেলিয়ার মোনাশ ইউনিভার্সিটির অধ্যাপক গিলিয়ান অলিভার। এছাড়া স্বাগত বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপারসন ড. দিলারা বেগম।